গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৩, ঢাকা
১৫, পুরানা পল্টন (চৌধুরী কমপ্লেক্স), ঢাকা-১০০০
www.taxeszone13dhaka.gov.bd

নথি নং- ১ই-৫৯/কঃঅঃ-১৩/২০২৬-২০২৭/৩৯৬

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৫ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল-কে অবগত করা যাচ্ছে যে, কর অঞ্চল-১৩, ঢাকা এর ১৩ তম হতে ২০ তম গ্রেডের ৭ ক্যাটাগরির ৪৭টি শূন্যপদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত লিখিত ও ব্যাবহরিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্র.নং	পদের নাম ও গ্রেড	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার স্থান
১.	অফিস সহায়ক (গ্রেড-২০)	০৭ ডিসেম্বর ২০২৬ খ্রি. সোমবার সকাল ০৯:০০ ঘটিকা	অতিরিক্ত কর কমিশনারের কার্যালয় পরিদর্শী রেঞ্জ-১ কর অঞ্চল-১৩, ঢাকা (১৫, পুরানা পল্টন, চৌধুরী কমপ্লেক্স-১০ম তলা, ঢাকা)
২.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	০৭ ডিসেম্বর ২০২৬ খ্রি. সোমবার দুপুর ০২:০০ ঘটিকা	
৩.	গাড়ি চালক (গ্রেড-১৬)		
৪.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১০ ডিসেম্বর ২০২৬ খ্রি. বৃহস্পতিবার সকাল ০৯:০০ ঘটিকা	
৫.	প্রধান সহকারী (গ্রেড-১৩)	১০ ডিসেম্বর ২০২৬ খ্রি. বৃহস্পতিবার দুপুর ০২:০০ ঘটিকা	
৬.	উচ্চমান সহকারী (গ্রেড-১৪)		
৭.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)		

০২। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ব্যবহার করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০২ (দুই)টি করে সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসহ চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) [এর মূলকপি জমা দিতে হবে];

(গ) প্রার্থীর স্থায়ী বাসিন্দার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা (নিম্নের যে কোন একটি) সনদ:

(i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২.০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা সনদ; অথবা

(ii) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ;
(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত সনদ;
(ছ) বিদেশ হতে অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদ;
(জ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
(ঝ) গাড়ি চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স;
(ঞ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
(ট) স্থায়ী ঠিকানা প্রমাণের জন্য উপযুক্ত প্রমাণক (জমির খারিজ, হোল্ডিং ট্যাক্স, Utility বিলের কপি);
(ঠ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে ইস্যুকৃত প্রশংসাপত্র (Testimonial);
(ড) Online-এ পূরণকৃত আবেদনপত্রের (Applicant's copy) রঙিন কপি;
(ঢ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের রঙিন কপি; এবং
(ণ) প্রার্থীর স্বহস্তে পূরণকৃত ০৩ (তিন) সেট "প্রাক চাকুরী বৃত্তান্ত যাচাই ফরম" (সংযুক্তি দেখুন)।

০৪। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৬ (ছয়) কপি রঙিন সত্যায়িত ছবি।
০৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৬। প্রকাশিত ফলাফলে ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষিত থাকবে।
০৭। বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-১৩, ঢাকা এর ওয়েবসাইট www.taxeszone13dhaka.gov.bd এ প্রকাশিত হবে।

সংযুক্তি: প্রাক চাকুরী বৃত্তান্ত যাচাই ফরম লিঙ্ক: https://shorturl.at/rexyZ

২৫।১১।২৬

(সুক্তি রানী সরকার)
উপকর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
কর অঞ্চল-১৩, ঢাকা